

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮-২৮  
কুমারঘাট, ১৫ নভেম্বর, ২০২৪

উনকোটি জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস-২০২৪

**বিরসা মুন্ডা ছিলেন একজন ব্যক্তিক্রমী ব্যক্তিত্ব : তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী**

তগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্ত্রী উপলক্ষে উনকোটি জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস-২০২৪ আজ কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে উদযাপন করা হয়। অনুষ্ঠানে বিহারের জামুই থেকে জনজাতীয় গৌরব দিবস উদযাপনের মূল অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হয়। মূল অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিভিন্ন প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করেন এবং জাতির উদ্দেশ্যে বক্তব্য রাখেন। কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে উনকোটি জেলাভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস।

অনুষ্ঠানের উদ্বোধন করে তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেন, ভারতবর্ষের স্বাধীনতার জন্য অগণিত বীর সৈনিক তাদের নিজেদের জীবন বলিদান দিয়েছিলেন। তাদের মধ্যে বিরসা মুন্ডা ছিলেন একজন ব্যক্তিক্রমী ব্যক্তিত্ব। অনুষ্ঠানে তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী আরও বলেন, জনজাতিদের কাছে বিরসা মুন্ডা শুধু একজন স্বাধীনতা সংগ্রামীই ছিলেননা, তিনি ছিলেন ভগবান সম। ২০২২ সাল থেকে বিরসা মুন্ডার জন্মজয়ন্ত্রী সারা দেশে উদযাপন করা হচ্ছে তার কৃতিত্বকে দেশের মানুষের কাছে তুলে ধরতে। এই সমস্ত মহান বিপ্লবীদের জন্মজয়ন্ত্রী উদযাপনের মাধ্যমে নতুন প্রজন্ম আরও বেশী করে দেশাভ্যোধে জগত হবে। রাজ্য সরকার জনজাতিদের উন্নয়নের জন্য, জনজাতি এলাকার অর্থনৈতিক, সামাজিক, স্বাস্থ্য, শিক্ষার উন্নয়নে নানা পরিকল্পনা নিয়ে কাজ করছে। গত বাজেটে ১৭টি নতুন আবাসিক স্কুল স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলাশাসক ডি কে চাকমা। জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবসের অনুষ্ঠানে জনজাতিদের কৃষ্টি-সংস্কৃতি তুলে ধরা হয়। উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, সহকারি সভাধিপতি সন্তোষ ধর, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, কুমারঘাট পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্কর দেব, পেঁচারখল বিএস’র চেয়ারম্যান সজল চাকমা, অতিরিক্ত জেলাশাসক অর্ধ সাহা, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা প্রমুখ। সভাপতিত্ব করেন কুমারঘাট বিএস’র চেয়ারম্যান তপনজয় রিয়াৎ। অনুষ্ঠানকে কেন্দ্র করে জনজাতি উন্নয়নে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। অনুষ্ঠানে অতিথিগণ জনজাতি অংশের মানুষের উন্নয়নে বিভিন্ন প্রকল্পের সুবিধা সুবিধাভোগীদের মধ্যে প্রদান করেন।

\*\*\*\*\*